

আল-জিন্ন | Al-Jinn | الْجِنِّ

আয়াতঃ ৭২ : ৩

আরবি মূল আয়াত:

وَأَنَّهُ تَعَالَىٰ جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً وَلَا وَلَدًا ﴿٣﴾

অনুবাদসমূহ:

‘আর নিশ্চয় আমাদের রবের মর্যাদা সমুচ্চ। তিনি কোন সংগিনী গ্রহণ করেননি এবং না কোন সন্তান’। — আল-বায়ান

আর আমাদের প্রতিপালকের মর্যাদা অতি উচ্চ, তিনি গ্রহণ করেননি কোন স্ত্রী আর কোন সন্তান। — তাইসিরুল
এবং নিশ্চয়ই সমুচ্চ আমাদের রবের মর্যাদা; তিনি গ্রহণ করেননি কোন পত্নী এবং না কোন সন্তান। — মুজিবুর রহমান

And [it teaches] that exalted is the nobleness of our Lord; He has not taken a wife or a son — Sahih International

৩. আর নিশ্চয়ই আমাদের রবের মর্যাদা সমুচ্চ(১); তিনি গ্রহণ করেননি কোন সঙ্গিনী এবং না কোন সন্তান।

(১) جَدُّ শব্দের অর্থ শান অবস্থা, মান-মর্যাদা। আল্লাহ তা'আলার জন্যে বলা হয় جَدُّهُ অর্থাৎ আল্লাহ তা'আলার শান, মান-মর্যাদা, অনেক উর্ধ্বে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৩) এবং নিশ্চয়ই সমুচ্চ আমাদের প্রতিপালকের মর্যাদা; তিনি গ্রহণ করেননি কোন পত্নী এবং না কোন সন্তান। [1]

[1] جَدُّ এর অর্থ হল, মর্যাদা, মাহাত্ম্য, ঐশ্বর্য। অর্থাৎ, আমাদের প্রতিপালকের মর্যাদা এ থেকে অনেক উর্ধ্বে যে, তাঁর সন্তান-সন্ততি ও স্ত্রী থাকবে। অর্থাৎ, জিন্নরা সেই মুশরিকদের কথাকে ভুল সাব্যস্ত করল, যারা আল্লাহর সাথে স্ত্রী এবং সন্তান-সন্ততির সম্পর্ক স্থাপন করত। জিন্নরা এই উভয় দুর্বলতা থেকে প্রতিপালকের পবিত্রতার ঘোষণা করল।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন